



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: সপ্তম শ্রেণি

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৩৭

অধ্যায়- ৫ যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যা

□ এ অধ্যায়ে জানতে পারব

- গাণিতিক বাক্য, হিসাবের ধারাবাহিকতা ও হিসাবের নিয়ম সম্পর্কে
- দৈনন্দিন জীবনে ব্যবহৃত, যোগ, বিয়োগ, গুণ ও ভাগের সাথে সম্পর্কিত বিভিন্ন প্রকার গাণিতিক সমস্যার সমাধানের উপায় সম্পর্কে
- কথায় লেখা গাণিতিক সমস্যাকে গাণিতিক বাক্যের মাধ্যমে উপস্থাপন এবং সমাধানের উপায় সম্পর্কে

৫.৩ অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

হিসাবের ক্রমের নিয়মটি ব্যবহার করে সমাধান কর :

(১) $৭ \times ৮ - ৬ \div ২$ (২) $৭ \times (৮ - ৬ \div ২)$

(৩) $(৭ \times ৮ - ৬) \div ২$ (৪) $৭ \times (৮ - ৬) \div ২$

(১) $৭ \times ৮ - ৬ \div ২$ (২) $৭ \times (৮ - ৬ \div ২)$

$= ৫৬ - ৩$

$= ৫৩$

উত্তর : ৫৩

$= ৭ \times (৮ - ৩)$

$= ৭ \times ৫$

$= ৩৫$

উত্তর : ৩৫

(৩) $(৭ \times ৮ - ৬) \div ২$ (৪) $৭ \times (৮ - ৬) \div ২$

$= (৫৬ - ৬) \div ২$

$= ৫০ \div ২$

$= ২৫$

উত্তর : ২৫

$= ৭ \times ২ \div ২$

$= ৭ \times ১$

$= ৭$

উত্তর : ৭

হিসাবের নিয়মটি ব্যবহার করে নিচের সমস্যাগুলো সমাধান কর :

(১) $৭২৪ + ৮৭ + ১৩$ (২) $৬২৪ - ৭৬ - ২৪$

(৩) $২০ \times (৬৬ \times ৫০)$ (৪) $৪ \times ৯২ \times ২৫$

(৫) ৩২×২৫ (৬) ৯৭×৮

(১) $৭২৪ + ৮৭ + ১৩$ (২) $৬২৪ - ৭৬ - ২৪$

$= ৭২৪ + (৮৭ + ১৩)$

$= ৭২৪ + ১০০$

$= ৮২৪$

উত্তর : ৮২৪।

$= ৫৪৮ - ২৪$

$= ৫২৪$

উত্তর : ৫২৪।

(৩) $২০ \times (৬৬ \times ৫০)$ (৪) $৪ \times ৯২ \times ২৫$

$= ২০ \times ৩৩০০$

$= ৬৬০০০$

উত্তর : ৬৬০০০।

৬৬
৫০
৩৩০০
৩৩০০
৬৬০০০

$= (৪ \times ২৫) \times ৯২$

$= ১০০ \times ৯২$

$= ৯২০০$

উত্তর : ৯২০০।

(৫) ৩২×২৫

$= (৮ \times ৪) \times ২৫$

$= ৮ \times (৪ \times ২৫)$

$= ৮ \times ১০০$

$= ৮০০$

উত্তর : ৮০০।

(৬) ৯৭×৮

$= (১০০ - ৩) \times ৮$

$= ১০০ \times ৮ - ৩ \times ৮$

$= ৮০০ - ২৪$

$= ৭৭৬$

উত্তর : ৭৭৬।

নিচের সমস্যাগুলোকে সাধারণ গাণিতিক বাক্যে প্রকাশ করে সমাধান কর :

(১) ৫টি পেনসিলের দাম ৬০ টাকা হলে ৯টি পেনসিলের দাম কত?

(২) ভাজক ভাগশেষ এর ৩ গুণ এবং ভাগফল ভাজকের ৪ গুণ। ভাগশেষ যদি ২ হয় তাহলে ভাজক কত?

(৩) শম্পার মাসিক বেতন ৭৫০০ টাকা। প্রতি মাসে তার খরচ হয় ৭২৫০ টাকা। শম্পা এক বছরে কত টাকা জমাতে পারবেন?

(১) গাণিতিক বাক্য : $(৬০ \div ৫) \times ৯ = \square$

$\frac{১২}{৫}$

$\frac{৬০}{৫}$

$\frac{৫}{১০}$

$\frac{১০}{১০}$

$\frac{১২}{৯}$

$\frac{১০৮}{৯}$

$\frac{১০৮}{১০}$



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: স্কুল শিক্ষক

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৩৮

০

উত্তর : ৯টি পেনসিলের দাম ১০৮ টাকা

(২) ভাজক = $৩ \times ২ = ৬$ [ভাগশেষ ২]

ভাগফল = $৬ \times ৪ = ২৪$

আমরা জানি, ভাজক \times ভাগফল + ভাগশেষ = ভাজ্য

গাণিতিক বাক্য : $৬ \times ২৪ + ২ = \square$

২৪	১৪৪
<u>$\times ৬$</u>	<u>$+ ২$</u>
১৪৪	১৪৬

উত্তর : ভাজ্য ১৪৬।

(৩) ১ বছর = ১২ মাস

গাণিতিক বাক্য : $(৭৫০০ - ৭২৫০) \times ১২ = \square$

৭৫০০	২৫০
<u>$- ৭২৫০$</u>	<u>$\times ১২$</u>
২৫০	৫০০
	<u>২৫০০</u>
	৩০০০

উত্তর : শম্পা এক বছরে ৩,০০০ টাকা জমাতে পারবেন।

রূপা ও মনির কাছে একসাথে ৮৭৫ টাকা রয়েছে। মনির কাছে রূপার চেয়ে ১২৫ টাকা বেশি রয়েছে। মনি আর রূপা প্রত্যেকের কাছে কত টাকা আছে?

মোট টাকা থেকে মনির বেশি টাকা বাদ দিলে দুই জনের টাকার পরিমাণ সমান হবে। প্রাপ্ত টাকার পরিমাণকে ২ দ্বারা ভাগ করলে রূপার টাকা পাওয়া যাবে।

এক্ষেত্রে গাণিতিক বাক্য : $(৮৭৫ - ১২৫) \div ২ = \square$

৮৭৫	৩৭৫
<u>$- ১২৫$</u>	২)৭৫০
৭৫০	৬
	<u>১৫</u>
	<u>১৪</u>
	১০
	<u>১০</u>
	০

\therefore রূপার ৩৭৫ টাকা আছে

সুতরাং মনির আছে $(৩৭৫ + ১২৫)$ টাকা
= ৫০০ টাকা

উত্তর : রূপার ৩৭৫ টাকা এবং মনির ৫০০ টাকা আছে।

পিতা-পুত্রের বয়সের সমষ্টি ৫৫ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ। পৃথকভাবে পিতা ও পুত্রের বয়স কত?

পুত্রের বয়স = পুত্রের বয়সের ১ গুণ

পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = পুত্রের বয়সের $(৪+১)$ বা ৫ গুণ

পুত্রের বয়সের ক্ষেত্রে, গাণিতিক বাক্য : $৫৫ \div ৫ = ১১$

\therefore পুত্রের বয়স ১১ বছর

সুতরাং পিতার বয়স = ১১ বছর $\times ৪ = ৪৪$ বছর

উত্তর : পিতার বয়স ৪৪ বছর এবং পুত্রের বয়স ১১ বছর

৪টি মুরগি এবং ৩টি

হাঁসের দাম একত্রে ৬৩৯

টাকা। ১টি হাঁসের দাম

৮৫ টাকা হলে ১টি

মুরগির দাম কত?

গাণিতিক বাক্য : $(৬৩৯ - ৮৫ \times ৩) \div ৪ = \square$

৮৫	৬৩৯	<u>৯৬</u>
<u>$\times ৩$</u>	<u>$- ২৫৫$</u>	৪)৩৮৪
২৫৫	৩৮৪	<u>৩৬</u>
		২৪
		<u>২৪</u>
		০

উত্তর : ১টি মুরগির দাম ৯৬ টাকা।

নিচের গাণিতিক বাক্য দুইটির জন্য নিজের মতো করে গল্প তৈরি করে সমাধান কর :

(১) $২০০ - (১০ \times ৮)$

গল্প : দীপকের কাছে ২০০ টাকা আছে। সে ১০ টাকা দামের ৮টি ডিম কিনলে তার কাছে কত টাকা রইল?

গাণিতিক বাক্য : $২০০ - (১০ \times ৮) = \square$

$১০ \times ৮ = ৮০$	২০০
	<u>$- ৮০$</u>



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: সপ্তম শ্রেণি

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৩৯

১২০

উত্তর : তার কাছে ১২০ টাকা রইল।

◆ এভাবে নিজে গল্প তৈরি করে সমাধান কর।

(২) $(৬ \times ৮) + (১২ \times ২)$

গল্প ১ : একটি পাত্রে ৮ টাকা মূল্যের ৬টি এবং ১২ টাকা মূল্যের ২টি চকলেট আছে। চকলেটগুলো কিনতে মোট কত টাকা খরচ হয়েছে।

গাণিতিক বাক্য : $(৬ \times ৮) + (১২ \times ২) =$

$(৬ \times ৮) + (১২ \times ২)$

$= ৪৮ + ২৪$

$= ৭২$

উত্তর : চকলেটগুলো কিনতে ৭২ টাকা খরচ হয়েছে।

গল্প ২ : একটি পেয়ারার দাম ৬ টাকা এবং একটি আমড়ার দাম ২ টাকা হলে ৮টি পেয়ারা এবং ১২টি আমড়ার মোট দাম কত হবে?

গাণিতিক বাক্য : $(৬ \times ৮) + (১২ \times ২) =$

৮	১২	৪৮
$\times ৬$	$\times ২$	$+ ২৪$
৪৮	২৪	৭২

উত্তর : মোট ৭২ টাকা হবে।

◆ এভাবে নিজে আরও গল্প তৈরি করে সমাধান কর।

পরীক্ষা প্রস্তুতি

বহুনির্বাচনি প্রশ্নোত্তর (যোগ্যতাভিত্তিক)

শিখনফল: যোগ এবং বিয়োগ সংক্রান্ত গাণিতিক সমস্যার সমাধান সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

১. কোনো স্কুলে ১৫০ জন ছাত্রছাত্রী ছিল। এ স্কুল থেকে বছরের শুরুতে ১৫ জন চলে গেল এবং ৩০ জন ছাত্রছাত্রী নতুন ভর্তি হলো। মোট শিক্ষার্থী সংখ্যা কত হলো?

ক) ১৫৩ জন খ) ১৬৫ জন

গ) ১৮০ জন ঘ) ১৯৫ জন

$(১৫০ - ১৫) + ৩০ = ১৩৫ + ৩০ = ১৬৫$ জন।

২. সাব্বির লাইব্রেরি থেকে ২০ টাকার কলম, ১০ টাকার খাতা এবং ২৮০ টাকার বই কিনল। সে মোট কত টাকা খরচ করল?

ক) ৩০০ খ) ৩৫০

গ) ৩২০ ঘ) ৩১০

$২০ + ১০ + ২৮০ = ৩১০$ টাকা।

৩. রতনের বয়স ২৫ বছর। মোবারকের বয়স ১৮ বছর এবং তাদের দাদার বয়স ৬০ বছর। রতন ও মোবারকের বয়সের সমষ্টি অপেক্ষা দাদার বয়স কত বছর বেশি?

ক) ১৭ খ) ১৫

গ) ১৮ ঘ) ২৭

$৬০ - (২৫ + ১৮) = ৬০ - ৪৩ = ১৭$

৪. একটি বাগানে পেয়ারা গাছ ৫০টি, আম গাছ ২৩টি, আপেল কুল গাছ ৬০টি এবং নারকেল গাছ আছে ২৫টি। বাগানে মোট কতগুলো গাছ আছে?

ক) ১২২টি খ) ১৩২টি

গ) ১৫৮টি ঘ) ১৫৬টি

$৫০ + ২৩ + ৬০ + ২৫ = ১৫৮$

৫. পিতার বর্তমান বয়স ৪৫ বছর এবং পুত্রের বর্তমান বয়স ১৫ বছর। ৫ বছর পর তাদের বয়সের সমষ্টি কত হবে?



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: স্কুল শিক্ষক

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৪০

কি ৫০ বছর খি ৬৫ বছর

গি ৭০ বছর ঘি ৬৫ বছর

ব্যাখ্যা: $(৪৫ + ৫) + (১৫ + ৫) = ৫০ + ২০ = ৭০$ ।

শিখনফল: গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যার সমাধান করা যাবে।

৬. একটি কলমের দাম ৫ টাকা হলে ১ ডজন কলমের দাম কত?

কি ৪৮ খি ৫০

গি ৬০ ঘি ৭০

ব্যাখ্যা: ১ ডজন = ১২টি কমলা।

∴ ১২টি কমলার দাম = $১২ \times ৫ = ৬০$ টাকা।

৭. ৫০টি ফুলের দাম ৪০০ টাকা। দুইটির দাম কত? খি

কি ৮ টাকা খি ১৬ টাকা

গি ২৫ টাকা ঘি ২৬ টাকা

ব্যাখ্যা: $(৪০০ \div ৫০) \times ২ = (৪০ \div ৫) \times ২ = ৮ \times ২ = ১৬$

৮. একটি ক্যালকুলেটরে ৩৫টি বোতাম আছে। এরূপ ১০টি

ক্যালকুলেটরে কতগুলো বোতাম থাকবে? ক

কি ৩৫০টি খি ৩০০টি

গি ১৩০টি ঘি ৫৩০টি

ব্যাখ্যা: $৩৫ \times ১০ = ৩৫০$

৯. বুন্নার বয়স পাঁচ বছর। বুন্নার বয়স বুন্নার বয়সের ৩ গুণ।

বুন্নার বয়স কত? খি

কি ১০ বছর খি ১৫ বছর

গি ২৫ বছর ঘি ৩৫ বছর

ব্যাখ্যা: বুন্নার বয়স = $৫ \times ৩ = ১৫$

১০. একজোড়া কোয়েল পাখির দাম ৫০ টাকা হলে, ১০০টি

কোয়েল পাখির দাম কত টাকা? খি

কি ১৫০০ খি ২৫০০

গি ৩৫০০ ঘি ৪০০০

ব্যাখ্যা: $(৫০ \div ২) \times ১০০ = ২৫ \times ১০০ = ২৫০০$

১১. একটি বক্সে ২০০ টাকা দামের একটি ব্যাট এবং ৩০ টাকা দামের একটি বল রয়েছে। ৯২০ টাকা দিয়ে এরূপ কয়টি বক্স কেনা যাবে? গি

কি ২টি খি ৩টি

গি ৪টি ঘি ৫টি

ব্যাখ্যা: $৯২০ \div (২০০ + ৩০) = ৯২০ \div ২৩০ = ৯২ \div ২৩ = ৪$

১২. একটি ইলিশ মাছের দাম ৩০০ টাকা এবং এক জোড়া কবুতরের দাম ২০০ টাকা হলে ইলিশ এবং ১টি কবুতরের মোট দাম কত? খি

কি ৩০০ খি ৪০০

গি ৫০০ ঘি ৬০০

ব্যাখ্যা: $৩০০ + (২০০ \div ২) = ৩০০ + ১০০ = ৪০০$

শিখনফল: যোগ, বিয়োগ, গুণ, ভাগ সম্পর্কিত বিভিন্ন প্রকার গাণিতিক সমস্যার সমাধান সম্পর্কে জানা যাবে।

১৩. সোহেল বাজার থেকে ১২০ টাকা কেজি দরে ৫ কেজি মুরগি, ১৪০ টাকা কেজি দরে ৩ কেজি মাছ, তিনি মোট কত টাকার বাজার করলেন? ক

কি ১০২০ খি ১২৪৫

গি ১৩২৫ ঘি ১৪১৫

ব্যাখ্যা: $(১২০ \times ৫) + (১৪০ \times ৩) = ৬০০ + ৪২০ = ১০২০$

১৪. একজন শ্রমিকের প্রতি দিনের আয় ৫৫০ টাকা এবং ব্যয় ৪০০ টাকা হলে ১ মাসে কত টাকা সঞ্চয় করেন? খি

কি ৩৫০০ খি ৪৫০০

গি ৫৫০০ ঘি ৬৫০০

ব্যাখ্যা: $৫৫০ \times ৩০ - ৪০০ \times ৩০ = ১৬৫০০ - ১২০০০ = ৪৫০০$

শিখনফল: হিসাবের নিয়ম সম্পর্কে জানতে পারব।

১৫. $২৫ - ৪ - ১২$ এর জন্য নিচের কোনটি সঠিক? খি

কি $২৫ - ৮$ খি $২৫ - (৪ + ১২)$

গি $২৫ - (৪ - ১২)$ ঘি $(২৫ + ৪) - ১২$

১৬. হিসাবের নিয়ম অনুসারে $৯৯ \times ৯৯ =$ কত? ক

কি $(১০০ - ১) \times ৯৯$

খি $৯ \times ৯ \times ৯৯$

গি $৯৯ \times (১০০ - ১১)$

ঘি $(১০০ + ১) \times ৯৯$



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: সপ্তম শ্রেণি

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৪১

১৭. হিসাবের নিয়ম অনুসারে ১৬×২৫ কে কি আকারে লিখা হয়? **গ**

- (ক) $২৫ \times (৪ \times ১৬)$
 (খ) $(২৫ \times ৪) \times ১৬$
 (গ) $(২৫ \times ৪) \times ৪$
 (ঘ) $(৫ \times ২৫) \times (৪ \times ৪)$

১৮. ৯৮ টাকা করে ৭টি কাঁঠাল কিনলে কত টাকা খরচ হবে? **ক**

- (ক) ৬৮৬ (খ) ৭১৪
 (গ) ৭৮৬ (ঘ) ৭৯৮

ব্যাখ্যা: $৯৮ \times ৭ = (১০০ - ২) \times ৭ = ১০০ \times ৭ - ২ \times ৭$
 $= ৭০০ - ১৪ = ৬৮৬$

☐ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

☞ সাধারণ

১. ধারাবাহিক হিসাবের ক্ষেত্রে সাধারণত কোন দিক থেকে কোন দিকে হিসাব করা হয়?

উত্তর: বাম থেকে ডান দিকে।

২. ধারাবাহিক হিসাবের আগে কোনটির হিসাব করতে হয়?

উত্তর: বন্ধনীয় ভেতরের হিসাব।

☞ যোগ্যতাভিত্তিক

৩. ৫টি চেয়ারের দাম ১৯০০ টাকা হলে ১টি চেয়ারের দাম কত?

উত্তর: ৩৮০ টাকা।

৪. ৩টি কলমের দাম ২৪ টাকা, ৫টি কলমের দাম কত?

উত্তর: ৪০ টাকা।

৫. মল্লিকার বাগানে ২০টি গাঁদা, ৩০টি গোলাপ, ৫০টি বেলি ফুলের চারা আছে। তার বাগানে মোট কতটি ফুলের চারা আছে?

উত্তর: ১০০টি।

☐ কাঠামোবদ্ধ প্রশ্নোত্তর (যোগ্যতাভিত্তিক):

১ নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ। পিতার বয়স ৬০ বছর।

- ক. পুত্রের বয়স কত? ২
 খ. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি কত? ২

গ. তাদের বয়সের পার্থক্য কত? ২

ঘ. ৫ বছর পর পিতা ও পুত্রের বয়সের সমষ্টি কত? ২

সমাধান:

ক. গাণিতিক বাক্য: $৬০ \div ৪ = ১৫$

∴ পুত্রের বয়স ১৫ বছর

গ. গাণিতিক বাক্য: $৬০ + ১৫ = ৭৫$

পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৭৫ বছর

ঘ. গাণিতিক বাক্য: $৬০ - ১৫ = ৪৫$

তাদের বয়সের পার্থক্য ৪৫ বছর

খ. গাণিতিক বাক্য: $(৬০ + ৫) + (১৫ + ৫) =$

$$\begin{array}{r} ৬০ \qquad ১৫ \qquad ৬৫ \\ +৫ \qquad +৫ \qquad +২০ \\ \hline ৬৫ \qquad ২০ \qquad ৮৫ \end{array}$$

৫ বছর পর পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৮৫ বছর।

২ নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

১৫ টি কোয়েলের দাম এবং ১৮ টি কবুতরের দাম একত্রে ৮৪৭৫ টাকা এবং একটি কোয়েলের দাম ২৫।

ক. ১৫ টি কোয়েলের দাম কত? ২

খ. ১৮ টি কবুতরের দাম কত? ২

গ. একটি কবুতরের দাম কত? ২

ঘ. ১৬২০০ টাকায় কতগুলো কবুতর পাওয়া যাবে? ২

সমাধান:

ক. গাণিতিক বাক্য: $২৫ \times ১৫ =$

$$\begin{array}{r} ২৫ \\ \times ১৫ \\ \hline ১২৫ \\ ২৫০ \\ \hline ৩৭৫ \end{array}$$

∴ ১৫ টি কোয়েলের দাম ৩৭৫ টাকা।

খ. গাণিতিক বাক্য: $৮৪৭৫ - ৩৭৫ =$

$$\begin{array}{r} ৮৪৭৫ \\ - ৩৭৫ \\ \hline ৮১০০ \end{array}$$



পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে
সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

বিডি সাইন্স একাডেমী

শ্রেণি: স্কুল ষষ্ঠ

বিষয়: গণিত, লেকচার শিট ▶ ৪২

∴ ১৮ টি কবুতরের দাম ৮১০০ টাকা।

গ. গাণিতিক বাক্য : $৮১০০ \div ১৮ = \square$

$$\begin{array}{r} ৪৫০ \\ ১৮ \overline{) ৮১০০} \\ \underline{৭২} \\ ৯০ \\ \underline{৯০} \\ ০ \\ \underline{০} \\ ০ \end{array}$$

∴ ১টি কবুতরের দাম ৪৫০ টাকা।

ঘ. গাণিতিক বাক্য : $১৬২০০ \div ৪৫০ = \square$

$$\begin{array}{r} ৩৬ \\ ৪৫০ \overline{) ১৬২০০} \\ \underline{১৩৫০} \\ ২৭০০ \\ \underline{২৭০০} \\ ০ \end{array}$$

∴ ৩৬টি কবুতর পাওয়া যাবে।

৩ নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

“কফিল উদ্দিন আইডিয়াল স্কুলের” বার্ষিক বনভোজন উপলক্ষে প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান ৫০০০ টাকা চাঁদা দেন। প্রত্যেক ছাত্র চাঁদা দেন প্রত্যেক ছাত্রীর দ্বিগুণ। বাকি প্রত্যেক শিক্ষক দেন প্রত্যেক ছাত্রীর চার গুণ। স্কুলে ছাত্রসংখ্যা শিক্ষকের সংখ্যার দশ গুণ এবং ছাত্রীসংখ্যা শিক্ষকের সংখ্যার পাঁচ গুণ। শিক্ষকের সংখ্যা ১০ জন এবং প্রত্যেক ছাত্রী ১০০ টাকা চাঁদা দেয়।

ক. প্রত্যেক ছাত্র কত টাকা চাঁদা দেয়? ২

খ. শিক্ষকরা মোট কত টাকা চাঁদা দেন? ২

গ. ঐ স্কুলে ছাত্র এবং ছাত্রী সংখ্যা নির্ণয় কর। ২

ঘ. ছাত্র-ছাত্রীরা মোট কত টাকা চাঁদা দেয়? ২

সমাধান :

ক. গাণিতিক বাক্য : $১০০ \times ২ = ২০০$

∴ ১ জন ছাত্র চাঁদা দেয় ২০০ টাকা

খ. স্কুলে শিক্ষকের সংখ্যা ১০ জন। এর মধ্যে প্রধান শিক্ষক দেন ৫০০০ টাকা। বাকি ৯ জন দেন প্রত্যেক ছাত্রীর চারগুণ।

গাণিতিক বাক্য : $৫০০০ + ৯ \times (৪ \times ১০০) = \square$

$$\begin{aligned} ৯ \times (৪ \times ১০০) &= ৯ \times ৪০০ \\ &= ৩৬০০ \end{aligned}$$

$$\begin{array}{r} ৫০০০ \\ + ৩৬০০ \\ \hline ৮৬০০ \end{array}$$

∴ শিক্ষকরা মোট ৮৬০০ টাকা দেন।

গ. ছাত্রদের সংখ্যা = শিক্ষকদের সংখ্যার দশ গুণ।

$$\begin{aligned} &= ১০ \times ১০ \text{ জন} \\ &= ১০০ \text{ জন} \end{aligned}$$

ছাত্রীদের সংখ্যা = শিক্ষকদের সংখ্যার পাঁচ গুণ

$$\begin{aligned} &= ১০ \times ৫ \text{ জন} \\ &= ৫০ \text{ জন} \end{aligned}$$

ঘ. গাণিতিক বাক্য : $(২০০ \times ১০০) + (১০০ \times ৫০) = \square$

$$\begin{array}{r} ২০০ \times ১০০ = ২০০০০ \quad ২০০০০ \\ ১০০ \times ৫০ = ৫০০০ \quad + ৫০০০ \\ \hline ২৫০০০ \end{array}$$

∴ মোট চাঁদা ওঠে ২৫০০০ টাকা।